# যা-ইচ্ছে-তাই কাব্য

অনেক ভেবেছি, দাদা, আর কত ভাবব?
বায়না এসেছে, চাই অচিরেই কাব্য!
কাব্যটা কী নিয়ে তা জিজ্ঞাসা করলে,
হাসিমুখে উত্তর: "কলমটা ধরলে
যা বেরোবে লিখে যাও, জেনো লোকে নিত্য
মনে এলে যা-ই লেখে, সেটাই সাহিত্য!"

মুশকিল কী জানেন, "আলু খেয়ে মগজে,
ঘিলু গেছে ভেস্তিয়ে"! ছড়া লিখে কাগজে,
দেখেছি যা দাঁড়াচ্ছে, তার নেই অর্থ,
নেই রূপ, নেই ছাঁদ, ছাপলে অনর্থ!

যাক গে এসব কথা, ভালো তার চাইতে,
ফিরে যাওয়া শিরোনামে যা লিখেছি তাই-তে।
আসল যে কবি তার সব দিকে দৃষ্টি,
তরে যায় তাই স্বাদে সবই তার সৃষ্টি।
যা ইচ্ছা লেখা সাজে তারই জেনো, ভাই রে,
কোনও লেখা যার নয় নাগালের বাইরে।

সত্যি কথাটা বলে মন হল শান্ত,
এবারের মত দিই এখানেই ক্ষান্ত।

কল্যাণ দাশগুপ্ত।।